গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৩৩/২০১৮-২০১৯
ঢাকা, রোববার ৬ জানুয়ারি ২০১৯, ২৩ পৌষ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। নতুন মন্ত্রিসভার শপথ আগামীকাল

২। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জাপান, ওমান, সুদান, চীনের কমিউনিস্ট পার্টি ও ডি-৮ এর অভিনন্দন

৩। চতুর্থবারের মতো সংসদনেতা নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জাপা চেয়ারম্যানের অভিনন্দন

৪। জাতির পিতার প্রতিকৃতিতে স্পিকার ও ডেপুটি স্পিকারের শ্রদ্ধা নিবেদন

৫। এপি'র বিশ্লেষণ : আন্তর্জাতিক সমর্থনে নির্ভার প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৬। দেশে পৌঁছেছে আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলামের মরদেহ : আজ বনানী কবরস্থানে দাফন

৭। আগামী ১৯ জানুয়ারি রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে মহাসমাবেশ করবে আওয়ামী লীগ : সেতুমন্ত্রী

৮। শপথ নেবেন গণফোরামের দুই এমপি : বর্ধিত সভার সিদ্ধান্ত

৯। বাণিজ্য মেলায় থাকবে নিশ্ছিদ্র নিরাপত্তা : ডিএমপি কমিশনার

চলমান পাতা-২

১। **নতুন মন্ত্রিসভার শপথ আগামীকাল**

আগামীকাল (৭ জানুয়ারি সোমবার) শপথ নিচ্ছে নতুন মন্ত্রিসভা। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বিকেল সাড়ে ৩টায় বঙ্গভবনে প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীদের শপথ পড়াবেন। ইতোমধ্যে ক্ষমতাসীন দলের বিজয়ী সংসদ সদস্যরা শপথ নিয়েছেন। এরপর নির্বাচনে সংখ্যাগরিষ্ঠ দল আওয়ামী লীগের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংসদ নেতা নির্বাচিত হয়েছেন। রাষ্ট্রপতি তাঁকে সরকার গঠনের আমন্ত্রণ জানিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

২। **প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জাপান, ওমান, সুদান, চীনের কমিউনিস্ট পার্টি ও ডি-৮ এর অভিনন্দন**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ বিজয় ও টানা তৃতীয়বারের মতো ক্ষমতায় আসায় বিভিন্ন দেশ, রাষ্ট্রপ্রধান ও সংস্থা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন অব্যাহত রেখেছে। গত ৪ জানুয়ারি শুক্রবার ও ৫ জানুয়ারি শনিবার জাপান, ওমান, সুদান, চীনের কমিউনিস্ট পার্টি ও ডি-৮ প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা জানায়। আওয়ামী লীগের উপ-দফতর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া জানিয়েছেন, শুভেচ্ছা জানিয়ে কমিউনিস্ট পার্টি অভ্ চায়নার (সিপিসি) চিঠি শনিবার পেয়েছেন তারা। এতে বলা হয়েছে, সিপিসি'র সঙ্গে আওয়ামী লীগের দীর্ঘদিনের রাজনৈতিক সম্পর্ক চীন-বাংলাদেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। চীন-বাংলাদেশের সম্পর্ক উন্নয়নে সিপিসি সহযোগিতার হাত বাড়াতে সর্বদা প্রস্তুত আছে।

জাপানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব তাকাশি ওসুগা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়ে বিবৃতি দেন। এতে তিনি বলেন, আমরা স্বাগত জানাই যে, বাংলাদেশের সব প্রধান দলের অংশগ্রহণে নির্বাচনে জনগণ তাদের প্রকৃত রায় দিতে পেরেছেন। জাপান বাংলাদেশের পরীক্ষিত বন্ধু উল্লেখ করে তিনি আরও বলেন, জাপান আশা করে বাংলাদেশ গণতান্ত্রিক চর্চা অব্যাহত রাখবে। আর দ্বিপক্ষীয় সম্পর্ক উন্নয়নে জাপান তাদের সহযোগিতা চালিয়ে যাবে।

সুদানের প্রধানমন্ত্রী মুতাজ মুসা আব্দাল্লা শুক্রবার এক অভিনন্দন বার্তায় বলেন, বাংলাদেশের প্রধানমন্ত্রী পুনর্নির্বাচিত হওয়ায় আপনাকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানাতে আমি অতীব সম্মানিত বোধ করছি।

উন্নয়নশীল-৮ (ডি-৮)-এর মহাসচিব দাতো কু জাফর কু শারি এক অভিনন্দন বার্তায় বলেন, আমি নিশ্চিত যে, এ ঐতিহাসিক ও বিপুল বিজয় শক্তিশালী, ঐক্যবদ্ধ ও সমৃদ্ধ বাংলাদেশের পথ সুগম করবে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

৩। **চতুর্থবারের মতো সংসদনেতা নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জাপা চেয়ারম্যানের অভিনন্দন**

চতুর্থবারের মতো আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংসদনেতা নির্বাচিত হওয়ায় জাতীয় পার্টির চেয়ারম্যান ও সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ তাঁকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। ড. শিরীন শারমিন চৌধুরী একাদশ জাতীয় সংসদের স্পিকার হিসেবে দায়িত্ব গ্রহণ করায় তাঁকেও অভিনন্দন জানান জাপা চেয়ারম্যান। এদিকে জাপার প্রেসিডিয়াম সদস্য মশিউর রহমান রাঙ্গাকে বিরোধীদলের চীফ হুইপ করা হয়েছে। জাতীয় পার্টির প্রেস উইং থেকে এরশাদের স্বাক্ষরে পাঠানো এক বিবৃতিতে বলা হয়, 'পদাধিকার বলে' তিনিই হবেন জাতীয় পার্টির পার্লামেন্টারি পার্টির সভাপতি ও প্রধান বিরোধীদলীয় নেতা।

জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ একাদশ জাতীয় সংসদের সদস্য হিসেবে শপথ নেবেন আজ (৬ জানুয়ারি রোববার)। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), (পৃ.১,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

৪। **জাতির পিতার প্রতিকৃতিতে স্পিকার ও ডেপুটি স্পিকারের শ্রদ্ধা নিবেদন**

সংসদ সদস্য হিসেবে শপথ গ্রহণের পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এবং ডেপুটি স্পিকার অ্যাডভোকেট মো. ফজলে রাব্বি মিয়া। গতকাল (৫ জানুয়ারি শনিবার) রাজধানীর ধানমণ্ডিতে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পাঞ্জলি

অর্পণের মাধ্যমে তাঁরা এ শ্রদ্ধা নিবেদন করেন। তাঁরা কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থেকে স্বাধীনতার এ মহান স্থপতির প্রতি শ্রদ্ধা জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৪,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৮)।

**৫। এপি'র বিশ্লেষণ : আন্তর্জাতিক সমর্থনে নির্ভার প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

একাদশ সংসদ নির্বাচনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন মহাজোট নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে জয়লাভ করার পর একে একে অনেক দেশ তাঁকে অভিনন্দন জানিয়েছে। গত ১০ বছরে অর্থনৈতিক অগ্রগতিসহ বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশের ব্যাপক উন্নয়ন এবং নির্যাতিত রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় তাঁর সরকারের সঙ্গে কাজ করে যাওয়ার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে প্রতিবেশী ভারতসহ বড় বড় দেশ। তবে বিরোধী পক্ষের আনা নির্বাচনি অনিয়মের অভিযোগ তদন্ত করে দেখার আহ্বান জানিয়েছে জাতিসংঘ ও আন্তর্জাতিক মানবাধিকার সংস্থাসহ বেশ কয়েকটি পশ্চিমা দেশ। যুক্তরাষ্ট্রভিত্তিক বার্তা সংস্থা অ্যাসোসিয়েটেড প্রেসের (এপি) এক বিশ্লেষণে এসব তথ্য উঠে এসেছে। এতে বলা হয়েছে, আন্তর্জাতিক সম্প্রদায়ের ধারাবাহিক অভিনন্দন বার্তার কারণে নির্ভার থাকতে পারছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গত ৩ জানুয়ারি বৃহস্পতিবার প্রকাশিত এপি'র বিশ্লেষণ অনুযায়ী, বিভিন্ন দেশের শুভেচ্ছা বার্তার নেপথ্যে রয়েছে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তর্জাতিক সমর্থনেরও বার্তা। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬)।

**৬। দেশে পৌঁছেছে আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলামের মরদেহ : আজ বনানী কবরস্থানে দাফন**

ব্যাংকক থেকে দেশে পৌঁছেছে আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলামের মরদেহ। গতকাল (৫ জানুয়ারি শনিবার) সন্ধ্যা ৬টা ৫ মিনিটে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের 'মেঘদূত' নামের একটি উড়োজাহাজ দেশবরেণ্য এ রাজনীতিকের মরদেহ নিয়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এসে পৌঁছায়। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরসহ দলের কেন্দ্রীয় নেতা ও মন্ত্রিপরিষদের সদস্যরা সৈয়দ আশরাফের ভাইকে সঙ্গে নিয়ে মরদেহ গ্রহণ করেন। আজ (৬ জানুয়ারি রোববার) সকাল সাড়ে ১০টায় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় সৈয়দ আশরাফের প্রথম নামাজে জানাজা অনুষ্ঠিত হবে। এরপর হেলিকপ্টারে মরদেহ নিজ এলাকা কিশোরগঞ্জে নিয়ে যাওয়া হবে। দুপুর ১২টায় ঐতিহাসিক শোলাকিয়া ঈদগাহ মাঠে দ্বিতীয় নামাজে জানাজা অনুষ্ঠিত হবে। এরপর তৃতীয় জানাজা ২টায় ময়মনসিংহের আঞ্জুমান ঈদগাহ মাঠে অনুষ্ঠিত হবে। বাদ আসর বনানী কবরস্থানে চিরনিদ্রায় শায়িত হবেন আদর্শবান-ত্যাগী-নিবেদিতপ্রাণ ও সর্বজনস্বীকৃত এ নেতা। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

**৭। আগামী ১৯ জানুয়ারি রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে মহাসমাবেশ করবে আওয়ামী লীগ : সেতুমন্ত্রী**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের নিরঙ্কুশ বিজয় উদ্‌যাপনের জন্য আগামী ১৯ জানুয়ারি রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে মহাসমাবেশ করবে আওয়ামী লীগ। মহাসমাবেশের প্রস্তুতি নিতে গতকাল (৫ জানুয়ারি শনিবার) বঙ্গবন্ধু এভিনিউস্থ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে এক যৌথসভার আয়োজন করা হয়। যৌথসভার পূর্বে সংবাদসম্মেলনে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, অতীতের যে কোনো সময়ের চেয়ে আওয়ামী লীগ ঐক্যবদ্ধ। প্রয়াত আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলামের স্মৃতিচারণ করে ওবায়দুল কাদের বলেন, সৈয়দ আশরাফ ছিলেন একজন সৎ, পরিচ্ছন্ন, সফল রাজনীতিক। তিনি তাঁর সততা, যোগ্যতা, দক্ষতা ও মেধা দিয়ে তা প্রমাণ করেছেন। এর মধ্য দিয়ে তিনি আওয়ামী লীগের বাইরেও অন্য রাজনৈতিক দল ও শ্রেণি-পেশার সর্বস্তরের মানুষের মধ্যে স্থান করে নিয়েছিলেন। বৈঠকের শুরুতে সৈয়দ আশরাফুল ইসলামের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩)।

**৮। শপথ নেবেন গণফোরামের দুই এমপি : বর্ধিত সভার সিদ্ধান্ত**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী গণফোরামের দুই সংসদ সদস্য শপথ নেবেন। গতকাল (৫ জানুয়ারি শনিবার) গণফোরামের বর্ধিত সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ বিষয়ে জাতীয় ঐক্যফ্রন্টের শীর্ষ নেতা ও



গণফোরাম সভাপতি ড. কামাল হোসেন বলেন, সভায় দলের নবনির্বাচিত দুই সাংসদের শপথ নেওয়ার বিষয়ে নীতিগত সিদ্ধান্ত হয়েছে। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৯। বাণিজ্য মেলায় থাকবে নিশ্ছিদ্র নিরাপত্তা : ডিএমপি কমিশনার**

রাজধানীর শেরেবাংলা নগরে আগামী ৯ জানুয়ারি থেকে শুরু হওয়া আন্তর্জাতিক বাণিজ্য মেলায় নিশ্ছিদ্র নিরাপত্তাব্যবস্থা থাকবে। পুলিশের নিয়মিত ফোর্স ছাড়াও সাদা পোশাকে একাধিক গোয়েন্দা সদস্য নিরাপত্তায় সার্বিক নজরদারি রাখবে বাণিজ্য মেলায়। বিশৃঙ্খলা, চাঁদাবাজি, ছিনতাইসহ যেকোনো ধরনের নাশকতা প্রতিরোধে আর্চওয়ে গেট দিয়ে তল্লাশির মাধ্যমে মেলায় দর্শনার্থীদের প্রবেশ করার ব্যবস্থা রাখা হবে। গতকাল (৫ জানুয়ারি শনিবার) ডিএমপি সদরদফতরে ২৪তম আন্তর্জাতিক বাণিজ্য মেলা উপলক্ষে নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা সম্পর্কিত বৈঠকে এসব তথ্য জানিয়েছেন ডিএমপি কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া। তিনি বলেন, নিরাপত্তার স্বার্থে মেলা প্রাঙ্গণে কোনো হকার ও ভিক্ষুক থাকবে না। অগ্নিকাণ্ড প্রতিরোধে প্রতিটি স্টলে অগ্নিনির্বাপক ব্যবস্থা রাখতে হবে। পুলিশ কন্ট্রোল রুমের পাশে স্থাপন করা হবে লস্ট এন্ড ফাউন্ড সেন্টার। সিসি ক্যামেরা দিয়ে সমগ্র মেলা এলাকা ও তার আশপাশ ২৪ ঘণ্টা পর্যবেক্ষণ করা হবে। ইভটিজিং রোধে থাকবে পুলিশের বিশেষ টিম। মেলার অভ্যন্তরে সুবিধাজনক স্থানে ৪টি হেল্পডেস্ক স্থাপন করা হবে। মেলার অভ্যন্তরে থাকবে প্রাথমিক চিকিৎসা ব্যবস্থা। মেলা প্রাঙ্গণে মোটরসাইকেল চালানো সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে। সভায় ডিএমপি কমিশনার বলেন, এবারের বাণিজ্য মেলায় ফুড কোর্টে মূল্যতালিকা প্রদর্শন করতে হবে। যদি কোনো স্টলে মূল্যতালিকা না পাওয়া যায় তাহলে মেলা কর্তৃপক্ষকে নিয়ে পুলিশ সে স্টল বন্ধ করে দিবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ হিসাব অনুযায়ী ২০১৭ সালে দারিদ্র্যের হার যেখানে ছিল ২৩.১ শতাংশ ২০১৮ সাল শেষে তা কমে ২১.৮ শতাংশে দাঁড়ানোয় সন্তোষ প্রকাশ করে ২০৩০ সালে দারিদ্র্যের হার শূন্যে নেমে আসবে বলে আশাপ্রকাশ।

খ. **সমকাল :** বাংলাদেশের ৮৪ শতাংশ ব্যক্তিগত কম্পিউটারে লাইসেন্সবিহীন সফটওয়্যার ব্যবহৃত হচ্ছে উল্লেখ করে সাইবার নিরাপত্তা নিশ্চিত করতে অনুমোদিত সফটওয়্যার ব্যবহারের ওপর গুরুত্বারোপ।

গ. **যায়যায়দিন** : চলতি অর্থবছরের প্রথম পাঁচ মাসে কৃষি খেলাপি ঋণের পরিমাণ বেড়ে ১৩ দশমিক ৫ শতাংশ হয়েছে কেন্দ্রীয় ব্যাংকের এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য দক্ষ মানবসম্পদের বিকল্প নেই বলে মতপ্রকাশ।

ঙ. **বণিকবার্তা, সংবাদ** : যুক্তরাজ্যভিত্তিক চিকিৎসা ও জনস্বাস্থ্য সাময়িকী ল্যানসেটের গবেষণা অনুযায়ী স্বাস্থ্যসেবার সুযোগ ও মান সূচকে বিশ্বে বাংলাদেশের অবস্থান এখন ভারত, পাকিস্তানের উপরে উল্লেখ করে সরকারি হাসপাতালগুলোতে পর্যাপ্ত আইসিইউ'র ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানীর ফুটপাত ও ফুটওভারব্রিজগুলো পথচারী চলাচলের উপযোগী করে তুলতে নজর দেওয়ার পরামর্শ।

ছ. **নিউ নেশন :** জনগণের স্বাস্থ্য সুরক্ষায় ওষুধের মান যাচাইয়ের লক্ষ্যে জেলা পর্যায়ে স্থাপিত ৬টি মিনি-ল্যাব এর কার্যক্রম আরও জোরদার করার সুপারিশ।

## উপসম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সরকারি-বেসরকারি খাতে ইন্টারনেটের গতি যদি নিরবচ্ছিন্ন রাখা যায় তাহলে নানারকম প্রশিক্ষণ ও জ্ঞানচর্চার ফলে গত একদশকে গ্রামে গ্রামে আইটিখাতে নতুন ও উদ্ভাবনী কাজের যে সম্ভাবনা তৈরি হয়েছে তার একটি বাস্তব প্রতিফলন আমরা আগামী পাঁচ বছরেই দেখতে পাব।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বাংলাদেশের পর্যটন শিল্পের অপার সম্ভাবনা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, দেশের পর্যটন কেন্দ্রগুলোর যথাযথ উন্নয়ন করা সম্ভব হলে বিদেশি পর্যটকদের পাশাপাশি দেশের পর্যটকদেরও আকৃষ্ট করা সম্ভব হবে।

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা #